

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 15/12/2022

Time: 1.40 PM

DEO: KB

Desk in Charg :- Kalyan L

Compiling :- Sujoy P./ Ranjana C.

NRT : Ranjana C.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

- ১/ সল্টলেক যুবভারতী স্টেডিয়ামে বিশ্বখ্যাত ফুটবলার মেসির দর্শনকে কেন্দ্র করে গন্ডগোলের জেরে তিনটি জনস্বার্থ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির বেঞ্চ।
- ২/ রাজ্যে SIR-এর পর খসড়া ভোটের তালিকা প্রকাশিত হবে আগামীকাল।
- # ত্রুটিমুক্ত তালিকা তৈরির পাশাপাশি EVM-এ চেকিং প্রক্রিয়ায় কড়া নজরদারি জন্য পাঁচ জন নোডাল অফিসারকে নিয়োগ করেছে কমিশন।
- ৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি-কে নিয়ে কংগ্রেসের কটু মন্তব্যের অভিযোগে সরকার পক্ষ ও বিরোধী সাংসদদের মধ্যে তীব্র বাদানুবাদের জেরে লোকসভার অধিবেশন দুপুর দু'টো পর্যন্ত মুলতুবি হয়ে গেছে।
- ৪/ বাংলাদেশের বিজয় দিবস উদযাপনে আজ কলকাতায় লোকভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- ৫/ মেট্রো রেলের পরিষেবা নির্বিঘ্নে চালু রাখতে যাত্রীদের সহযোগিতা চেয়েছে কর্তৃপক্ষ।

সল্টলেক যুবভারতী স্টেডিয়ামে বিশ্বখ্যাত ফুটবলার মেসির দর্শনকে কেন্দ্র করে গন্ডগোলের ঘটনায় তিনটি জনস্বার্থ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ। এই বিষয়ে তিনটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির আইনজীবী বিল্বদল ভট্টাচার্য ঘটনার নিরপেক্ষ তদন্তে আর্জি জানিয়ে মামলা দায়ের করেছে।

আইনজীবী সব্যসাচী চট্টোপাধ্যায় রাজ্য সরকারের অবসরপ্রাপ্ত বিচারপতিকে দিয়ে তদন্ত কমিটি গঠনের বিষয়ে প্রশ্ন তুলে হাইকোর্টের হস্তক্ষেপের আর্জি জানান।

অপর এক জনস্বার্থ মামলায় আইনজীবী মৈনাক ঘোষ, যেহেতু এক্ষেত্রে আর্থিক তহরুপ হয়েছে, তাই ইডি ও সিবিআই-কে ঘটনার তদন্তভার দেওয়ার আর্জি জানিয়েছেন। দর্শকদের টাকা ফেরত এবং আয়োজক সংস্থা থেকে স্টেডিয়ামের ক্ষয়ক্ষতি সংক্রান্ত অর্থও দেবার আর্জি জানিয়েছেন তিনি।

রাজ্যে SIR-এর পর খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে আগামীকাল। SDO, BDO ও জেলাশাসকের দফতরে তালিকা টাঙানোর পাশাপাশি খসড়া ভোটার তালিকা দেওয়া থাকবে কমিশনের ওয়েবসাইটেও। এরপরই শুরু হবে শুনানি প্রক্রিয়া। গত ২৭-শে অক্টোবর রাজ্যে এস আই আর-এর দিনক্ষণ ঘোষণা করেছিল কমিশন। সেদিন পর্যন্ত রাজ্যে মোট ভোটার ছিল ৭-কোটি ৬৬ লক্ষ ৩৭ হাজারের বেশি।

এদিকে, এস আই আর প্রক্রিয়ার সর্ব শেষ তথ্য অনুযায়ী ৫৮ লক্ষ ২০ হাজারের বেশি নাম বাদ পড়তে পারে বলে প্রাথমিক অনুমান।

ক্রটি মুক্ত তালিকা তৈরিতে সর্বকম সাবধানতা অবলম্বন করছে নির্বাচন কমিশন। ভোটারদের জমা পড়া এনুমারেশন তথ্য যাচাই-এর কাজ চলছে যুদ্ধকালীন তৎপরতায়।

এদিকে, আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বৈদ্যুতিন ভোটযন্ত্র ইভিএম-এর ফাস্ট লেভেল চেকিং প্রক্রিয়ায় কড়া নজরদারির ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন। ভিন রাজ্য

এবং নির্বাচন কমিশনের তরফে মোট পাঁচজন নোডাল অফিসারকে অবজার্ভার হিসেবে এরায়ে পাঠানো হয়েছে। বিভিন্ন ফাস্ট লেভেল চেকিং ভেনুতে তাঁরা ইভিএম যাচাই প্রক্রিয়ার ওপর নজর রাখবেন। কমিশন সূত্রের খবর অরুণাচলপ্রদেশ থেকে ডেপুটি সিইও সানিয়ে কায়েম মিজি, মহারাষ্ট্র থেকে ডেপুটি সিইও যোগেশ গোসাভি, মেঘালয় থেকে অ্যাডিশনাল CEO পি কে বোরো এবং মিজোরাম থেকে জয়েন্ট CEO এথেল রোথাংপুই-কে দায়িত্ব দেওয়া হয়েছে। এরইসঙ্গে কমিশনের তরফে আন্ডার সেক্রেটারি পদ মর্যাদার আধিকারিক কণিষ্ক কুমারকেও অবজার্ভার হিসেবে নিয়োগ করা হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে আপত্তিকর মন্তব্য করায় কংগ্রেস নেতৃত্বের ক্ষমা প্রার্থনার দাবিতে, এনডিএ সাংসদদের বিক্ষোভ এবং বিরোধী নেতাদের সঙ্গে তীব্র বাদানুবাদের জেরে আজ লোকসভার অধিবেশন আজ দুপুর ২টো পর্যন্ত মূলতুবি হয়ে গেছে। আজ লোকসভা অধিবেশন শুরু হওয়ার পর সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজুজু গতকাল নতুন দিল্লিতে কংগ্রেসের জনসভায় প্রধানমন্ত্রীর বিরুদ্ধে করা মন্তব্যের বিষয়টি সভায় উত্থাপন করে বলেন, এ ধরনের মন্তব্য কখনই গ্রহণযোগ্য নয়। এই ঘটনাকে অত্যন্ত লজ্জার ও দুর্ভাগ্যজনক বলে আখ্যা দেন তিনি।

এই নিয়ে শাসক ও বিরোধী সাংসদদের মধ্যে বাদানুবাদ চলতে থাকায় অধ্যক্ষ ওম বিড়লা প্রথমে বেলা ১২টা পর্যন্ত সভার কাজ মূলতুবি করে দেন। এর আগে লোকসভার প্রয়াত সাংসদ সুভাষ আহুজা অধ্যাপক সালাউদ্দিন এবং বালকৃষ্ণ চৌহারের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং তাঁদের স্মরণে নীরবতা পালন করা হয়। ১২টার পর সভার কাজ আবার শুরু হলে একই ইস্যুতে এনডিএ ও কংগ্রেস সাংসদদের মধ্যে তীব্র বাদানুবাদ হলে অধ্যক্ষ ওম বিড়লা আবার দুপুর দুটো পর্যন্ত মূলতুবি ঘোষণা করেন।

রাজ্যসভাতে একই পরিস্থিতির সৃষ্টি হয়। সভার শুরুতেই শাসক দলের নেতা জেপি নাড্ডা রাজ্যসভায় কংগ্রেসের নেতা মল্লিকার্জুন খাড়গে ও প্রবীন কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধীর ক্ষমা প্রার্থনা দাবি করেন। তিনি বলেন এ ধরনের মন্তব্য কংগ্রেসের চিন্তাধারা ও মানসিকতার প্রতিফলন।

রাজ্যসভায় বাদানুবাদ চলতে থাকায় ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, বেলা ১২ টা পর্যন্ত সভার কাজ মূলতুবি করে দেন। ১২ টার পর আবার সভা শুরু হয়।

বেঙ্গালুরুতে কাজে গিয়ে পাইপ বিঁধে মূর্শিদাবাদের হরিহর পাড়ার এক পরিয়ায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। তিনি বেঙ্গালুরুতে পাইপ লাইনে কাজ করতে বলে পরিবার জানিয়েছে। গতকাল সকালে অসাবধানতাবশত একটি পাইপ তার বুকে ঢুকে গেলে সহকর্মীরা স্থানীয় হাসপাতালে নিয়ে যান রবিউলকে। চিকিৎসকরা সেখানে তাঁকে মৃত ঘোষণা করেন। পরিবারের লোকজন দেহ গ্রামে নিয়ে আসার তোড়জোড় শুরু করেছে।

আকাশবাণীর কলকাতার বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় আজ থেকে পাঁচ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একইসঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পৌঁছে দিতে আজ থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

বাংলাদেশের বিজয় দিবস উদযাপনে আজ কলকাতায় লোকভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মুক্তিযুদ্ধ শেষে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করেছিল তৎকালীন পশ্চিম পাকিস্তান। জন্ম হয়েছিল স্বাধীন বাংলাদেশের। সেই থেকে এই দিনটি বাংলাদেশের বিজয় দিবস হিসেবে পালিত হচ্ছে।

সেই উপলক্ষে এদিন বাংলাদেশের একাধিক মুক্তিযোদ্ধা, তাঁদের পরিবারের সদস্য, সেনাবাহিনীর প্রতিনিধিরা লোকভবনের অনুষ্ঠানে আসেন। তাঁদের সম্মান জানান রাজ্যপাল সিভি আনন্দ বোস। তিনি বিজয় দিবসে বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধাদের আন্তরিক স্বাগত জানিয়ে বলেন, তাঁদের সাহস, আত্মত্যাগ ও অটল সংকল্পের ফলেই ১৯৭১ সালে একটি স্বাধীন বাংলাদেশের জন্ম সম্ভব হয়েছিল। বিজয় দিবস আমাদের

মনে করিয়ে দেয়, স্বাধীনতা সহজে আসে না, তা অর্জন করে নিতে হয় ত্যাগ, শৃঙ্খলা ও ন্যায়ের প্রতি অবিচল বিশ্বাসের মাধ্যমে। রাজ্যপাল আরও বলেন, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের সম্পর্ক ভাষা, সংস্কৃতি ও ইতিহাসের গভীর বন্ধনে আবদ্ধ। মুক্তিযুদ্ধের সময় এই ভূখণ্ড লক্ষ লক্ষ মানুষকে আশ্রয় ও সহানুভূতি দিয়েছিল, যা আজও আমাদের গর্ব।

(বাইট- রাজ্যপাল)

লোক ভবনে রাজ্যপালের আতিথেয়তায় আপ্লুত বলে জানান বাংলাদেশের প্রতিনিধিরা। মুক্তিযুদ্ধে অংশ নেওয়া মেজর হাফিজ যুদ্ধের স্মৃতি রোমন্থন করে বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের অবদান ভোলার নয়।

(বাইট- মেজর হাফিজ)

বাধাহীন পরিষেবা চালু রাখতে মেট্রো রেল সকল যাত্রীদের সহযোগিতা চেয়েছে। কলকাতা মেট্রো রেলের তরফে গতকাল এক বিবৃতিতে, যাত্রীদের পরিষেবায় বিঘ্ন ঘটানোর মতো কোনো কাজ না করতে অনুরোধ জানান হয়। রেক এবং স্টেশন চত্বরগুলির সিসিটিভি ক্যামেরায় যে কোনো ব্যক্তির ক্ষতকর কাজকর্ম সহজেই শনাক্ত করা যায় বলে ওই বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। কোন যাত্রী শারীরিক বল প্রয়োগ, বা যেকোন উপায়ে মেট্রোর দরজার কার্যকারিতা ব্যাহত করলে তার বিরুদ্ধে জরিমানা সহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে বলে ওই বিবৃতিতে মেট্রোর তরফে হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত শনিবার, ইয়েলো লাইনে দমদম ক্যান্টনমেন্ট স্টেশনে জয়হিন্দ বিমানবন্দর থেকে নোয়াপাড়াগামী একটি মেট্রো রেকের (MR-514) 5054 নম্বর কোচের দু নম্বর দরজায় এক মহিলা যাত্রী তাঁর সঙ্গীকে ওই ট্রেনটি ধরতে দরজা ইচ্ছাকৃতভাবে আটকে রাখেন। ওই ঘটনার প্রেক্ষিতে অপরাধীকে শনাক্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে বলে মেট্রো সূত্রের খবর।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ সর্দার বল্লভভাই প্যাটেলের ৭৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে উপরাষ্ট্রপতি বলেছেন যে, সর্দার বল্লভভাই প্যাটেল দেশীয় রাজ্যগুলোর একত্রীকরণ এবং অল ইন্ডিয়া সার্ভিসের ভিত্তি স্থাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, যার মাধ্যমে তিনি দেশের ঐক্য ও প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করেছিলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সর্দার বল্লভভাই প্যাটেলের ৭৫-তম মৃত্যু বার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি পান করেছেন। প্রধানমন্ত্রী বলেছেন, আজকের দিনটি আত্মনির্ভর ভারতের লক্ষ্যে অনুপ্রেরণা গ্রহণ করার বিশেষ সুযোগ। তিনি বলেন, সর্দার প্যাটেল রাষ্ট্রীয় একতার যে চিন্তাভাবনার জন্ম দিয়েছিলেন, তা বিকশিত ভারতের দিকে শক্তি যোগাবে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ সর্দার বল্লভভাই প্যাটেলের মৃত্যু বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। এক সোশ্যাল মিডিয়া পোস্টে মন্ত্রী বলেন, ভারত স্বাধীন হওয়ার পর অনেক খন্ডে বিভক্ত ছিল। যেগুলিকে একত্রে করে একটি শক্তিশালী ভারতের ভিত্তি স্থাপন করেন সর্দার প্যাটেল।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শ্রদ্ধাঞ্জলি পান করে বলেন, আধুনিক ভারতের অন্যতম স্থপতি হলেন সর্দার বল্লভভাই প্যাটেল।

মুর্শিদাবাদের ফারাক্কায় পুরনো বিবাদের জেরে এক তৃণমূল কংগ্রেস নেতার ভাইকে কুপিয়ে খুনের অভিযোগ উঠেছে। গতকাল মাঝ রাত্রে ফারাক্কা এন টি পি সি-র কেন্দ্রীয়া অ্যাসপন্ডের নৈশ প্রহরী বছর ৪৮-এর আলম শেখকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করা হয়। পান্না শেখ নামে এক দুষ্কৃতি তার ওপর চড়াও হয় বলে অভিযোগ। আজ সকাল পর্যন্ত এই ঘটনায় কেউ গ্রেফতার হয়নি।

এদিকে, উত্তর ২৪ পরগনার হাবড়ায় গতরাতে এক পথ দুর্ঘটনায় প্রবীর দে নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। একটি ভ্যানে করে হাবড়ার জয়গাছি গ্যারেজ মোড় থেকে কীর্তনের

অনুষ্ঠানে যাচ্ছিলেন তিনি। উল্টো দিক থেকে আসা দ্রুত গতির একটি বেপরোয়া বাইক সজোরে ভ্যানে ধাক্কা মারলে ঘটনাস্থলেই মৃত্যু হয় প্রবীরবাবুর। বাইক চালক দিব্যজ্যোতি রায়ের আঘাতও গুরুতর হওয়ায় তাঁকে কলকাতার হাসপাতালে পাঠানো হয়েছে।

SDAT স্কোয়াশ বিশ্বকাপ ২০২৫'-এর প্রথম বিশ্বকাপ জিতে ইতিহাস সৃষ্টি করার জন্য প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী, ভারতীয় স্কোয়াশ দলকে অভিনন্দন জানিয়েছেন।
